

জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রতিবন্ধীদের ৩০ মিনিট অতিরিক্ত সময়

নিজস্ব বার্তা পরিবেশক

: শনিবার, ১৫ নভেম্বর ২০২৫

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন কলেজ কেন্দ্রে ২০২৪ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স প্রথমবর্ষ পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে প্রতিবন্ধী (অটিস্টিক, ডাউন সিনড্রোম, সেরিব্রাল পালসি) পরীক্ষার্থীরা ৩০ মিনিট অতিরিক্ত সময় পাবে। গত ১৩ নভেম্বর জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক এনামুল করিম স্বাক্ষরিত এক চিঠিতে এ তথ্য জানানো হয়েছে।

অতিরিক্ত ৩০ মিনিট সময় যেসব শিক্ষার্থী পাবে তাদের শর্তের মধ্যে রয়েছে, অংশগ্রহণকারী পরীক্ষার্থীকে সমাজসেবা অধিদপ্তরের ‘প্রতিবন্ধী সনদ’ থাকতে হবে। পরীক্ষা শুরুর আগে অধ্যক্ষ বা ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রতিবন্ধী পরীক্ষার্থীদের তথ্য (প্রবেশপত্রের কপি ও প্রতিবন্ধী সনদের কপি) যাচাই করে পরীক্ষাগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। অধ্যক্ষ বা ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রতিবন্ধী পরীক্ষার্থীদের তথ্য (প্রবেশপত্রের কপি ও প্রতিবন্ধী সনদের কপি) পরীক্ষা নিয়ন্ত্রক বা সংশ্লিষ্ট উপ-পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর পাঠাবেন।

প্রতিবন্ধী পরীক্ষার্থীদের উত্তরপত্র আলাদাভাবে সিলগালা করে ‘মো. নজরুল ইসলাম তালুকদার, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স প্রথম বর্ষ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর ৭০৪’ এই ঠিকানায় পাঠাতে হবে। প্যাকেটের ওপর ‘প্রতিবন্ধী পরীক্ষার্থীর উত্তরপত্র’ লাল কালিতে লিখতে হবে।